পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

স্মারক ঃ পদ/পক/MFP/২০২২-১১৬৭

তারিখ ঃ জুলাই ০৩, ২০২২ খ্রিষ্টাব্দ

জনাব মোঃ মোস্তাফিজুল গনি
সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার
পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র
রংপুর জোন।

**বিষয় ঃ "দহগ্রাম" সাব ব্রাঞ্চকে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ হিসাবে কার্যক্রম পরিচালনা করার অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র ঃ পদ/রংপুর/জোন/এমএফউইং/২০২২-১৫৪;তারিখ ঃ ০৮/০৬/২০২২ইং

জনাব গনি,

গত ০৮/০৬/২০২২ ইং তারিখে আপনার প্রেরিত পত্র, পদ/রংপুর/জোন/এমএফউইং/২০২২-১৫৪**'পাটগ্রাম এরিয়ার দহগ্রাম সাব-ব্রাঞ্চকে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ করার অনুমোদন প্রসংগে"** - এর প্রতি দৃষ্টি আকর্ষন করছি।

আপনার প্রেরিত পত্রানুযায়ী, রংপুর জোনের পাটগ্রাম এরিয়ার আওতায় দহগ্রাম সাব ব্রাঞ্চকে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ হিসাবে কার্যক্রম পরিচালনা করার অনুমোদনের জন্য আবেদন করেছিলেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে রংপুর জোন ফাইল এর নথি পৃষ্ঠা নং ৭৫ এবং অনুচ্ছেদ ২০৫ এর মাধ্যমে তা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ৩০/০৬/২০২২ ইং তারিখে অনুমোদিত হয়েছে। উক্ত ব্রাঞ্চটির কার্যক্রম ১লা জুলাই, ২০২২ মাস হতে শুরু করতে হবে এবং নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে ঃ

১. ১লা জুলাই, ২০২২ মাস থেকে মূল ব্রাঞ্চ হিসেবে আলাদা BM, ABM (AC),ABM(L) ও CM দ্বারা পরিচালিত হবে।
২. পূর্ণাঙ্গ ব্রাঞ্চ হিসাবে আলাদা MIS & FIS Report তৈরী করতে হবে।
৩. Operational Plan and Budget অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।
৪. Savings Mobilization এর মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে।
৫. সমিতি গঠন ও ঋণস্থিতি বৃদ্ধির মাধ্যমে ব্রাঞ্চটিকে দ্রুত লাভে উন্নীত করতে হবে।
৬. দহগ্রাম ব্রাঞ্চের পূর্বের কোড বহাল থাকবে ( **১৯৯-০৪-২০০৮**)।

শুভেচ্ছাসহ,

3/7/22

**আবুল কালাম আজাদ**
সিনিয়র সহকারী পরিচালক (ফিল্ড অপারেশন-০৫)
মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম
প্রধান কার্যালয়, ঢাকা।

**সদয় অবগতির জন্য:**

১. নির্বাহী পরিচালক মহোদয়, পদক্ষেপ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং, পদক্ষেপ, প্রধান কার্যালয়।

**অনুলিপি ঃ**

১. উপ-পরিচালক (সকল), পদক্ষেপ, প্রধান কার্যালয়
২. সিনিয়ার সহকারী পরিচালক (সকল), পদক্ষেপ, প্রধান কার্যালয় (E-mail এর মাধ্যমে)।
৩. সিনিয়ার সহকারী পরিচালক, এম.আই.এস, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৪. মাইক্রোফাইন্যান্স উইং এর সকল কর্মকর্তা (E-mail এর মাধ্যমে)।
৫. সহকারী পরিচালক, আই.সি.টি বিভাগ, পদক্ষেপ, প্রধান কার্যালয়।(সংস্থার ওয়েব সাইটে প্রকাশএর জন্য)
৬. সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার (সকল), (E-mail এর মাধ্যমে)।
৭. অফিস কপি।

# পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

**রংপুর জোন**

বাড়ী নং-১৮০/১, রোড নং-১/৩, ষ্টেশন রোড আলমনগর রংপুর। মোবাইল নং-০১৭১৩০৯২৯৯৭ E-mail : rangpur@padakhep.org www.padakhep.org


স্মারক নং- পদ/রংপুর/জোন/এমএফউইং/২০২২-১৫৪

তারিখ ঃ ০৮.০৬.২০২২ ইং

বরাবর
নির্বাহী পরিচালক
পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র
প্রধান কার্যালয়, ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ ।

**বিষয় ঃ রংপুর জোনের আওতাধীন দহগ্রাম সাব-ব্রাঞ্চ'কে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ করার জন্য আবেদন।**

মহোদয়

শিরোনামে বর্নিত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার রংপুর জোনের আওতায় পাটগ্রাম এরিয়ার অধিনে পাটগ্রাম ব্রাঞ্চের সাথে দহগ্রাম সাব-ব্রাঞ্চ পরিচালিত হচ্ছে। দহগ্রাম সাব- ব্রাঞ্চটি পাটগ্রাম হতে প্রায় ১০ কিঃমিঃ দুরে অবস্থিত। বর্তমানে সাব-ব্রাঞ্চটিতে ১ জন সিএম ০১ জন এবিএম(লোন) ও ০১ জন বিএম কর্মরত আছেন এবং মে/২২ শেষে ঋণস্থিতি ২১১২০৪৯৮/- টাকা রয়েছে। এখানে কোন এবিএম(হিসাব) না থাকায় হিসাব ব্যবস্থাপনায় অস্বচ্ছতা ও আর্থিক অনিয়মের ঝুঁকি থেকে যাচ্ছে। মূল ব্রাঞ্চের একজন এবিএম(হিসাব)'কে দিয়ে কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। মূল ব্রাঞ্চের সাথে সাব-ব্রাঞ্চ এর রিপোর্ট একত্রিকরন সহ বিভিন্ন রকম যোগাযোগের ক্ষেত্রেও বেশ কিছু অসুবিধা হচ্ছে। সাব-ব্রাঞ্চটির কর্মএলাকায় কার্যক্রম আরও বৃদ্ধি করার সুযোগ রয়েছে। যে কারনে উক্ত সাব- ব্রাঞ্চটিকে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ হিসেবে পরিচালনা করলে কার্যক্রম পরিচালনা আরও স্বচ্ছ ও সহজতর হবে। সেই লক্ষ্যে দহগ্রাম সাব-ব্রাঞ্চটিকে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ হিসেবে পরিচালনার জন্য আপনার অনুমোদন প্রয়োজন। সাব-ব্রাঞ্চটির প্রয়োজনীয় তথ্য নিম্নে উপস্থাপন করা হল ঃ

| নাম | সমিতি | সদস্য | ঋণী | সঞ্চয়স্থিতি | ঋণস্থিতি | বকেয়া | | OTR | PAR | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | জন | টাকা | | | |
| দহগ্রাম সাব-ব্রাঞ্চ | ২৬ | ৫৩৯ | ৪৫৯ | ৩৭৩৭২২৯ | ২১১২০৪৯৮ | ৭৪ | ৮৮৮৬৮১ | ৯৮.৫৪% | ৬.৫৪% | |

অতএব মহোদয় উল্লেখিত বিষয় বিবেচনা করে দহগ্রাম সাব-ব্রাঞ্চ'কে পূর্ণাঙ্গ ব্রাঞ্চ হিসেবে পরিচালনার অনুমোদন দানে আপনার মর্জি হয়।

কার্যক্রম পরিচালনায় আপনার সার্বিক সহযোগিতা ও পরামর্শ একান্তভাবে কাম্য।

আপনার বিশ্বস্ত

৮.০৬.২২

মোঃ মোস্তাফিজুল গনি
সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার
পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র
রংপুর জোন।